

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সুপারের কার্যালয়
টাঙ্গাইল জেলা কারাগার

পত্র নং- ৫৮.০৪.৯৩০০.০৯৬.০৪.০০২.২২-৩৭৭

তারিখ : ০৭ অগ্রহায়ণ, ১৪২৯
২২ নভেম্বর, ২০২২


বিষয় : নিলাম বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে

সূত্রঃ কারা অধিদপ্তরের স্মারক নং-৫৮.০৪.০০০০.০৩২.০৬.০০১.২০২২-৫৭৯, তারিখঃ ১০-১০-২০২২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলা কারাগারের অভ্যন্তরে ও বাহিরে ৩২(বত্রিশ)টি বিভিন্ন প্রকার গাছ (সতেজ ও জ্বালানী) প্রকাশ্য নিলামে বিক্রয়ের জন্য নিলাম বিজ্ঞপ্তি এর ০১(এক) কপি এতৎসঙ্গে প্রেরণ করা হলো। সংযুক্ত নিলাম বিজ্ঞপ্তি টি আপনার পত্রিকায় ভিতরের বিজ্ঞাপন পাতায় (৬x৩) ইঞ্চি সাইজে শুধুমাত্র ০১ (এক) দিন প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রকাশিত নিলাম বিজ্ঞপ্তির সম্বলিত পত্রিকার সৌজন্য সংখ্যা নিম্নস্বাক্ষরকারীর বরাররে প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্ত : নিলাম বিজ্ঞপ্তি----- ০১(এক) পাতা।


(মোহাম্মদ আবদুল্লাহ-আল-মামুন)

জেলা সুপার

টাঙ্গাইল জেলা কারাগার।

tagailjail@gmail.com

২২/১১/২২

সম্পাদক

দৈনিক মজলুমের কণ্ঠ

প্রি-ক্যাডেট স্কুল মার্কেট, ২য় তলা

টাঙ্গাইল-১৯০০।

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- ০১। কারা মহাপরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।
- ০২। কারা উপ-মহাপরিদর্শক
ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ০৪। পুলিশ সুপার, টাঙ্গাইল।
- ০৫। সিভিল সার্জন, টাঙ্গাইল।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, টাঙ্গাইল।
- ০৭। মেয়র, টাঙ্গাইল পৌরসভা, টাঙ্গাইল।
- ০৮। বিভাগীয় বন কর্মকর্তা, টাঙ্গাইল বন বিভাগ।
- ০৯। সভাপতি, টাঙ্গাইল বণিক সমিতি, টাঙ্গাইল।
- ১০। সাধারণ ব্যবসায়ী টাঙ্গাইল।
- ১১। টাঙ্গাইল জেলা কারাগারের নোটিশ বোর্ড।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা সুপারের কার্যালয়

টাঙ্গাইল জেলা কারাগার

নিলাম বিজ্ঞপ্তি

টাঙ্গাইল জেলা কারাগারের নিরাপত্তা ও আনুষঙ্গিক কারণে অভ্যন্তর ও বাহিরাংশে নিম্নলিখিত গাছসমূহ লটভিত্তিক প্রকাশ্য নিলামে বিক্রি করা হবে।

গাছের নাম	সংখ্যা	লট	মন্তব্য
মেহগনি	১৫	(ক)	সতেজ ও জ্বালানি সমন্বয়ে নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে।
আম	১১	(খ)	
নিম	০২	(গ)	
জাম	০১		
শিমুল	০১		

উক্ত নিলাম প্রক্রিয়ায় অংশগ্রহণে আগ্রহী সংশ্লিষ্ট কাঠ/ফার্নিচার ব্যবসায়ী অথবা দক্ষ ঠিকাদারকে নিম্নলিখিত শর্ত পূরণ সাপেক্ষে ০৬/১২/২০২২ তারিখ সকাল ০৯:৩০ ঘটিকায় কারাগার প্রাঙ্গনে উপস্থিত থেকে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। নিলাম ডাকের পূর্বে নির্ধারিত সময়ে আগত সকল অংশগ্রহণকারীকে গাছসমূহ সরেজমিনে পরিদর্শন করানো হবে। ডাক শুরু হবে সকাল ১১.০০ ঘটিকায়।

সাধারণ শর্তাবলী

- ১। নিলাম ডাকে অংশগ্রহণের জন্য জামানত হিসেবে নগদ ১০,০০০/- (দশ হাজার) টাকা অগ্রিম জমা দিয়ে (ফেরতযোগ্য) নিলাম ডাকে অংশগ্রহণ করা যাবে।
- ২। নিলামে অংশগ্রহণকারী ঠিকাদার/ ব্যবসায়ীকে নিম্নবর্ণিত কাগজপত্র নিলাম ডাকের সময় আবশ্যিকভাবে দাখিল করতে হবে।
ক) ব্যবসায়িক লাইসেন্সের কপি
খ) হালনাগাদ আয়কর সনদের কপি
গ) ভ্যাট রেজিস্ট্রেশন সনদের কপি
ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়াছবি
ঙ) মেয়র/কমিশনার/চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ
- ৩। অনুমোদিত সর্বোচ্চ দরের উপর ৫% হারে উৎস কর এবং ৭.৫% হারে ভ্যাট কর্তন করা হবে।
- ৪। নির্ধারিত তারিখ ও সময়ের পর কেউ নিলাম ডাকে অংশগ্রহণ করতে পারবেন না।
- ৫। নিলাম ডাকে কোন প্রকার নেগোসিয়েশনের উদ্যোগ গ্রহণ করা যাবে না বা অন্য কাউকে ভীতি প্রদর্শন করা যাবে না।
- ৬। নিলাম ডাকে বিজয়ী ঠিকাদার/ব্যবসায়ীকে গাছ কর্তনের পূর্বে কারা কর্তৃপক্ষের সাথে প্রস্তাবিত মূল্যের উপর ১০% হারে কার্যকরী নিরাপত্তা জামানতের টাকা সিডিউলভুক্ত ব্যাংকে জমা করে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
- ৭। যে কোন ডাক গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এর জন্য কোন প্রকার কারণ দর্শাতে কর্তৃপক্ষ বাধ্য নয়।
- ৮। একজন ঠিকাদার/ব্যবসায়ী নিলাম প্রক্রিয়ায় অংশগ্রহণের ক্ষেত্রে একটি পূর্ণাঙ্গ লট নিতে হবে।
- ৯। কোন ধরনের অসদাচরণ/অনিয়মের ক্ষেত্রে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১০। নিলাম সম্পর্কিত বিস্তারিত তথ্য জানার জন্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করা যেতে পারে।
- ১১। গাছ কর্তন/পরিবহনের সময় সরকারি স্থাপনার কোনরূপ ক্ষতিসাধন হলে সংশ্লিষ্ট ব্যবসায়ী/ঠিকাদার নিজ দায়িত্বে তা মেরামত করে দিতে বাধ্য থাকবেন। জান ও মালের ক্ষতির ক্ষেত্রে কর্তৃপক্ষ কোন দায় বহন করবেন না।
- ১২। কারাগারে নিরাপত্তার স্বার্থে গাছ কর্তন ও পরিবহনের ক্ষেত্রে কারা কর্তৃপক্ষের নির্ধারিত তারিখ ও সময় অনুযায়ী করতে হবে।

(মোহাম্মদ আবদুল্লাহ-আল-মামুন)

জেলা সুপার

টাঙ্গাইল জেলা কারাগার।

tanigailjail@gmail.com

২১/১২/২২